দৈনিক ইনকিলাব

তারিখ NOV. 1 5 1998
পৃষ্ঠা ২৪ কলাম ৪

2

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন ৫ ডিসেম্বর

ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন পূর্বঘোষিত তারিখের পরিবর্তে আগামী ৫ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে সমাবর্তনে অংশগ্রহণেচ্ছুদের জন্য রেজিস্ট্রেশনের সময়সীমা আগামী ১৫ নভেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ইতোমধ্যে ২ শতাধিক ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন করেছেন। তবে রেজিস্ট্রেশনের ফি-এর পরিমাণ অধিক হওয়ার কারণে ছাত্র-ছাত্রীরা আশানুরূপ সাড়া দিচ্ছে না। সমাবর্তন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে স্টিয়ারিং কমিটি ছাড়াও ১৫টি উপ-কমিটি গঠন করা হয়েছে। উপ-কমিটিগুলো তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। শান্তিপূর্ণ পরিবেশে সমাবর্তন অনুষ্ঠান সম্পন্ন করার লক্ষ্যে ক্যাম্পাসে রাজনৈতিক নিষেধাজ্ঞা কঠোরভাবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।